দৈনিক ইত্তেফাক

MAY 22 2002

তারিখ ........................

পৃষ্ঠা ...৪... কলাম ...৬......

# প্রাথমিক উপবৃত্তির পরিমাণ কত?

গত ১৬-৫-২০০২ তারিখে বিটিভির স্থানীয় সংবাদে জানতে পারলাম যে, সরকার শিক্ষার প্রসারকল্পে প্রত্যেক প্রাথমিক-শিক্ষার্থীকে মাসিক উপবৃত্তি বাবদ ১৬০ টাকা করে দিচ্ছেন। এ-খবর শোনার পর তা যাচাই করার জন্য কৌতূহল জাগলো। বাসার কাজের বুয়ার কাছে জানতে চাইলাম, তার শিশু সন্তান কত পায়? জানলাম, প্রতি ৬ মাসে তার সন্তান এককালীন বরাদ্দ পায় ১৪০ টাকা। স্বভাবতই প্রশ্ন হচ্ছে, গণশিক্ষা (প্রাথমিক শিক্ষা) উদ্বুদ্ধকরণ প্রকল্পে প্রতিটি উপবৃত্তির পরিমাণ কত? প্রতি মাসে ১৬০ টাকা নাকি প্রতি ৬ মাসে ১৪০ টাকা?

অরিন্দম,
সিন্দুরিয়াপাড়া,
ময়নামতি, বুড়িচং, কুমিল্লা।